গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
dss.mymensinghsadar.mymensingh.gov.bd

স্মারক নং- ৪১.০১.৬১৫২.০০.১৬.০১৮.১২. ৪৭ **তারিখ:-** *২৫ মাঘ ,১৪২৮ বঙ্গাব্দ / ৮ ফেব্রুয়ারি,২০২২খ্রিষ্টাব্দ*

বিষয়: ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত বে-সরকারি এতিমখানা সমুহের ১ম কিস্তির বিল দাখিল প্রসঙ্গে।

সূত্র: ৪১.০১.০০০০.০৬২.২০.০৫৯.১৮.৭৫ তারিখ:-০৭/০২/২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বেচ্ছোসেবী সমাজকল্যাণ সংস্থা সমুহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৬১ ও বিধিমালা ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত ও সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বে-সরকারি এতিমখানা সমুহের ১ম কিস্তির (জুলাই -২০২১ হতে ডিসেম্বর -২০২১ পর্যন্ত) অনুদান (ক্যাপিটেশন গ্র্যান্ট) বরাদ্দ ও মঞ্জুরী পাওয়া যায়।

০২। বে-সরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ ও বন্টন নীতিমালা ২০১৫'তে বর্ণিত **চেকলিষ্ট** অনুযায়ী অত্র উপজেলায় ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত বে-সরকারি এতিমখা সমুহকে নিম্নোক্ত দলিলাদি সংযুক্ত সহকারে বিল দাখিল করার জন্য বিশেষভোবে অনুরোধ করা হলো।

ক) নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদিত হালনাগাদ কার্যনির্বাহী কমিটির তালিকা;
খ) নীতিমালায় বর্ণিত ক্রয়কমিটি গঠন সংক্রান্ত সভার কার্যাবিবরণী ও এতদুদ্দেশ্যে গঠিত ক্রয় কমিটির তালিকা;
গ) ক্রয়কমিটি কর্তৃক দাখিলকৃত বিল-ভাউচার নিরীক্ষা ও অনুমোদান সংক্রান্ত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী;
ঘ) বিগত দুই অর্থ বছরের হালনাগাদ নিরীক্ষা প্রতিবেদন;
ঙ) এতিম সনদসহ প্রতিষ্ঠানের সকল এতিমের নাম, অনলাইন জন্মনিবন্ধন (আবশ্যিক), ঠিকানা, ছবিসহ তালিকা;
চ) এতিমগণ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত মর্মে সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন ও সীলসহ স্বাক্ষর।
ছ) নতুন এতিম ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত ভর্তি কমিটির সভা সংক্রান্ত কার্যবিবরণী; এতিম শিশুদের ছুটি রেজিস্টার ও ভর্তি রেজিস্টার;
জ) "সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তরের ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত এতিমখানা" বাক্যাংশ যুক্ত সাইনবোর্ড ও জাতীয় পতাকা স্থাপনের স্থায়ী অবকাঠামো নির্মাণ সংক্রান্ত অত্র কার্যালয়ের ২৩/০৮/২০২১ খ্রি: তারিখের ২০৫ ও ২০৬ এবং ২০৭ সংখ্যক পত্রের আলোকে গৃহীত ব্যবস্থার সচিত্র প্রমাণক।
ঝ) ক্যাপিটেশন গ্র্যান্ট বাবদ মাথাপিছু মাসিক বরাদ্দকৃত ২০০০/-টাকা হতে খাদ্য বাবদ ১,৬০০/- টাকা, পোষাক বাবদ ২০০/- টাকা এবং ঔষধ ও অন্যান্য বাবদ ২০০/- টাকা হারে ব্যয় সংক্রান্ত প্রয়োজনীয় বিল ভাউচার সমুহ।

০৮-০২-২০২১
(মাকসুদা খাতুন)
উপজেলা সমাজসেবা অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

সভাপতি/ সাধারণ সম্পাদক
.....এতিমখানা
সদর, ময়মনসিংহ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ:
১। পরিচালক প্রতিষ্ঠান, সমাজসেবা অধিপ্তর, ময়মনসিংহ
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৫।সংশ্লিষ্ট নথি।